# রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা

erajshahi.portal.gov.bd

রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ১০ম সভার কার্যবিবরনীঃ

সভার তারিখ ঃ ১১ মার্চ ২০২৬ খ্রি.

সময় ঃ বেলা ০২:০০ ঘটিকা

স্থান ঃ নগর ভবন "সিটি হল" সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ সংযুক্তি-ক।

পবিত্র কুরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়।

সভার শুরুতে সভাপতি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে আমন্ত্রিত কর্মকর্তাগণকে ১০ম সভায় উপস্থিত থাকার জন্য শুভেচ্ছা জানান। তিনি সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা এর ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০০৬.২৪-৯৫৪ নং স্মারক মাধ্যমে সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ' স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক) (২) মোতাবেক কমিটি গঠন করা হয়েছে। অতঃপর সভাপতি আলোচ্য সূচিভিত্তিক আলোচনার জন্য সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন।

| ক্র. নং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | গত ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৯ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ। | সভাপতির অনুমতিক্রম সচিব, রাসিক গত ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৯ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হলে ৯ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণের প্রস্তাব অনুমোদনের পক্ষে একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্ত :** গত ৯ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হলে গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণের প্রস্তাব অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট), রাসিক। |
| ০২ | জন্ম ও মৃত্যু নিবন্ধন ব্যবস্থাপনা স্থায়ী কমিটির। (ক) গত ০৪-০১-২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলি পাঠ ও অনুমোদন। (খ) গত ২৯-০১-২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলি পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতিক্রমে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক গত ০৪-০১-২০২৬ এবং গত ২৯-০১-২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার যে প্রস্তাবসমূহ উপস্থাপন করেন তা নিম্নরূপ :<br>(ক) জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে যে সকল ওয়ার্ডে অক্টোবর মাসে জন্ম ও মৃত্যু নিবন্ধনের শতকরা হার ৮০% এর নীচে, সে সকল ওয়ার্ডে পত্র প্রেরণের বিষয়ে গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(খ) জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে ভুয়া জন্ম নিবন্ধন কেউ যেন না করে সে দিকে বিশেষ নজর দিতে হবে এ বিষয়ে গৃহীত সুপারিশ অনুমোদন।<br>বর্ণিত প্রস্তাব প্রস্তাবসমূহ অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে জন্ম ও মৃত্যু নিবন্ধন ব্যবস্থাপনা স্থায়ী কমিটির গত ০৪-০১-২০২৬ এবং গত ২৯-০১-২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত (ক) এবং (খ) সভার প্রস্তাব অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক। |
| ০৩ | পবিত্র ঈদ্-উল-ফিতর উপলক্ষে দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারীদের ১২ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে অগ্রিম মজুরী প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, পবিত্র ঈদ্-উল-ফিতর উপলক্ষে দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারীদের ১২ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে মজুরী প্রদান করা প্রয়োজন। ধর্মীয় বিষয়টি বিবেচনায় নিয়ে পবিত্র ঈদ্-উল-ফিতর উপলক্ষে দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারীদের ১২ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে মজুরী প্রদানে সভায় একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে ধর্মীয় বিষয়টি বিবেচনায় নিয়ে পবিত্র ঈদ্-উল-ফিতর উপলক্ষে দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারীদের ১২ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে মজুরী প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক। |

| ক্র. নং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৪ | রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন মার্কেটের ২০২৫-২০২৬ অর্থবছরের দোকান ভাড়া বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থবছর হতে ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন মার্কেটের বর্তমানে প্রতি বর্গফুট ভাড়ার বিপরীতে ১০% হারে বর্ধিত ভাড়ার প্রস্তাব করা হয়েছে, যা নিম্নরূপ : | **সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে ভাড়ার হার নির্ধারণ সংক্রান্ত নীতিমালার আলোকে কর্পোরেশনের আওতাধীন মার্কেট সমূহের ২০২৬-২০২৭ অর্থবছরের দোকানভাড়া প্রতি বর্গফুট ১০% হারে ভাড়া বৃদ্ধির বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক। |

| ক্র: নং | বাজারের নাম/ স্থাপনা | তলা | বর্তমান ভাড়ার হার প্রতি বর্গফুট | প্রস্তাবিত ১০% বর্ধিত ভাড়ার হার প্রতি বর্গফুট |
|---|---|---|---|---|
| ১ | অগ্রনী ব্যাংক | ১ম | ৪০.০০ | ৪৪.০০ |
| ২ | রাজশাহী নিউমার্কেট/ হকার্স মার্কেট | ১ম | ১০.২২ | ১১.২৪ |
| | | ২য় | ৮.৫০ | ৯.৩৫ |
| | | ফাঁকা জায়গা | ৩.০০ | ৩.৩০ |
| ৩ | শাপলা সুপার মার্কেট | ১ম | ১০.৮০ | ১১.৮৮ |
| | | ২য় | ৯.০০ | ৯.৯০ |
| | | ৩য় | ৭.২০ | ৭.৯২ |
| | | ৪র্থ | ৬.২৫ | ৬.৮৮ |
| | | ৫ম | ৫.৬২ | ৬.১৮ |
| ৪ | বৈশাখী বাজার | গ্রাউন্ড ফ্লোর | ২০.০০ | ২২.০০ |
| | | ১ম | ১৮.০০ | ১৯.৮০ |
| | | ২য় | ১৫.০০ | ১৬.৫০ |
| | | ৩য় | ১২.০০ | ১৩.২০ |
| | | ৪র্থ | ১২.০০ | ১৩.২০ |
| | | ৫ম | ১০.০০ | ১১.০০ |
| | | ৬ষ্ঠ | ৮.০০ | ৮.৮০ |
| ৫ | সিটি সেন্টার মার্কেট | গ্রাউন্ড ফ্লোর | ২০.০০ | ২২.০০ |
| | | ১ম | ২০.০০ | ২২.০০ |
| | | ২য় | ১৮.০০ | ১৯.৮০ |
| | | ৩য় | ১৮.০০ | ১৯.৮০ |
| | | ৪র্থ | ১৭.০০ | ১৮.৭০ |
| | | ৫ম | ১৭.০০ | ১৮.৭০ |
| | | ৬ষ্ঠ | ১৬.০০ | ১৭.৬০ |
| | | ৭ম | ১৬.০০ | ১৭.৬০ |
| ৬ | স্বপ্নচুড়া প্লাজা | গ্রাউন্ড ফ্লোর | ১৫.০০ | ১৬.৫০ |
| | | ১ম | ১০.০০ | ১১.০০ |
| | | ২য় | ১১.০০ | ১২.১০ |
| | | ৩য় | ১০.০০ | ১১.০০ |
| ৭ | হড়গ্রাম সুপার মার্কেট | ১ম | ১০.৮০ | ১১.৮৮ |
| | | ২য় | ৯.০০ | ৯.৯০ |
| | | ৩য় | ৭.২০ | ৭.৯২ |
| ৮ | সাহেব বাজার | ১ম | ১০.৮০ | ১১.৮৮ |
| | | ২য় | ৯.০০ | ৯.৯০ |
| ৯ | সিমলা সুপার মার্কেট | ১ম | ১৩.০০ | ১৪.৩০ |
| | | ২য় | ১১.০০ | ১২.১০ |
| | | ৩য় | ১০.০০ | ১১.০০ |
| | | ৪র্থ | ৮.০০ | ৮.৮০ |
| | | ৫ম | ৭.০০ | ৭.৭০ |
| ১০ | বিনোদপুর বাজার | ১ম | ১০.৮০ | ১১.৮৮ |
| | | ২য় | ৯.০০ | ৯.৯০ |
| | | ৩য় | ৭.২০ | ৭.৯২ |
| ১১ | তেরখাদিয়া কাঁচাবাজার | ১ম | ৬০০.০০ | ৬৬০.০০ |
| | | ২য় | ৪৬২.০০ | ৫০৮.২০ |
| ১২ | কাশিয়াডাঙ্গা বাজার অস্থায়ী | ১ম | ১০.৮০ | ১১.৮৮ |
| ১৩ | মহানগরী যাত্রী ছাউনী | ১ম | ১০.৮০ | ১১.৮৮ |

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য সুচি</th><th>আলোচনা/প্রস্তাব</th><th>গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td></td><td>সংলগ্ন দোকান</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>১৪</td><td>রিভার ভিউ ফুড কর্নার, বড়কুঠি</td><td>১ম</td><td>১০.৮০</td><td>১১.৮৮</td></tr>
<tr><td>১৫</td><td>লালনশাহ্ পার্ক</td><td>১ম</td><td>১০.৫০</td><td>১১.৫৫</td></tr>
<tr><td>১৬</td><td>ছোটবনগ্রাম</td><td>১ম</td><td>৫০০.০০</td><td>৫৫০.০০</td></tr>
</table>
সভায় বিস্তারিত আলোচনায় ভাড়ার হার নির্ধারণ সংক্রান্ত নীতিমালার আলোকে কর্পোরেশনের আওতাধীন উপরোক্ত মার্কেট সমূহের ২০২৫-২০২৬ অর্থবছরের দোকানভাড়া প্রতি বর্গফুট ১০% হারে ভাড়া বৃদ্ধির বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।</td><td></td><td></td></tr>
<tr><td>০৫</td><td>বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান/কোচিং সেন্টার নিবন্ধন ফি পুনঃনির্ধারণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>সভাপতির অনুমতিক্রমে প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, (ক) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান/কোচিং সেন্টার নিবন্ধন ফি পুনঃনির্ধারণ এর বিষয়ে বর্তমান ফি ও প্রস্তাবিত ফি বিস্তারিত তথ্য নিম্নরূপ :
<table>
<tr><th>ক্র: নং</th><th>খাতের নাম</th><th>বর্তমান ফি</th><th>প্রস্তাবিত ফি</th></tr>
<tr><td>০১</td><td>(ক) ইংলিশ মিডিয়াম ও লেবেল/এ লেবেল<br>(খ) কেজি স্কুল “এ” ক্যাটাগরী<br>কেজি স্কুল “বি” ক্যাটাগরী<br>কেজি স্কুল “সি” ক্যাটাগরী<br>(গ) আবাসিক সহ কেজি স্কুল<br>(১) “এ” ক্যাটাগরী ১০০ এর অধিক ছাত্র (২) “বি” ক্যাটাগরী ১০০ এর নীচে ছাত্র</td><td>১০,০০০<br>৫,০০০<br>৩,০০০<br>২,০০০<br>১০,০০০<br>৬,০০০</td><td>১২,০০০.০০<br>৬,০০০.০০<br>৪,০০০.০০<br>৩,০০০.০০<br>১২,০০০.০০<br>৭,৫০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>প্রাইভেট টিউশন<br>(ক) ছাত্র সংখ্যা ১০-১৫<br>(খ) ছাত্র সংখ্যা ৫১-১০০<br>(গ) ছাত্র সংখ্যা ১০১-২০০<br>(ঘ) ছাত্র সংখ্যা ২০১-৩০০<br>(ঙ) ছাত্র সংখ্যা ৩০১-৪০০<br>(চ) ছাত্র সংখ্যা ৪০১-৫০০ অধিক</td><td>২,০০০<br>৫,০০০<br>১০,০০০<br>২০,০০০</td><td>৩,০০০.০০<br>৬,০০০.০০<br>১২,০০০.০০<br>২০,০০০.০০<br>২৫,০০০.০০<br>৩০,০০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>কোচিং সেন্টার, সকল প্রকার<br>(ক) ছাত্র সংখ্যা ১০-১৫<br>(খ) ছাত্র সংখ্যা ৫১-১০০<br>(গ) ছাত্র সংখ্যা ১০১-২০০<br>(ঘ) ছাত্র সংখ্যা ২০১-৩০০<br>(ঙ) ছাত্র সংখ্যা ৩০১-৪০০<br>(চ) ছাত্র সংখ্যা ৪০১-৫০০ অধিক</td><td>৩,০০০<br>৫,০০০<br>১০,০০০<br>২০,০০০</td><td>৪,০০০.০০<br>৬,০০০.০০<br>১২,০০০.০০<br>২০,০০০.০০<br>২৫,০০০.০০<br>৩০,০০০.০০</td></tr>
<tr><td>০৪</td><td>বেসরকারি হাই স্কুল/সমমান (এম.পি.ও ভুক্ত নহে)<br>(ক) ছাত্র সংখ্যা ১০-১৫<br>(খ) ছাত্র সংখ্যা ৫১-১০০<br>(গ) ছাত্র সংখ্যা ১০১-২০০<br>(ঘ) ছাত্র সংখ্যা ২০১-৩০০<br>(ঙ) ছাত্র সংখ্যা ৩০১-৪০০<br>(চ) ছাত্র সংখ্যা ৪০১-৫০০ অধিক</td><td>৫,০০০<br>১০,০০০<br>১৫,০০০<br>২০,০০০</td><td>৬,০০০.০০<br>১২,০০০.০০<br>১৮,০০০.০০<br>২০,০০০.০০<br>২৫,০০০.০০<br>৩০,০০০.০০</td></tr>
<tr><td>০৫</td><td>বেসরকারি কলেজ/সমমান (এম.পি.ও ভুক্ত নহে)</td><td>৩০,০০০</td><td>৪০,০০০.০০</td></tr>
<tr><td>০৬</td><td>বেসরকারি বিশ্ববিদ্যালয়/সমমান (এম.পি.ও ভুক্ত নহে)</td><td>১,০০,০০০</td><td>২,০০,০০০.০০</td></tr>
</table>
আলোচনায় প্রকাশ পায় যে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান/কোচিং সেন্টার নিবন্ধন ফি পুনঃনির্ধারণ এর বিষয়ে অন্য কোন প্রতিষ্ঠানের সাথে সাংঘর্ষিক হবে কিনা</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে (ক) ২০২৬-২০২৭ অর্থ বছর হতে কার্যকরের ভিত্তিতে বর্ণিত ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান/কোচিং সেন্টার নিবন্ধন পুনঃনির্ধারণ ফি এর বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) কোচিং সেন্টারসমূহ থেকে কত টাকা আয় হয়, তার একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক।</td></tr>
</table>

| ক্র. নং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | তা খতিয়ে দেখা প্রয়োজন। সার্বিক পর্যালোচনাপূর্বক বিস্তারিত আলোচনান্তে ২০২৬-২০২৭ অর্থ বছর হতে কার্যকরের ভিত্তিতে বর্ণিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান/কোচিং সেন্টার নিবন্ধন পুনঃনির্ধারণ ফি এর বিষয়ে সভায় একমত পোষন করা হয়।<br>(খ) এ পর্যায়ে সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, কোচিং সেন্টারসমূহ থেকে কত টাকা আয় হয়, তার একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সভায় একমত পোষন করা হয়। | | |
| ০৬ | বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি রাজশাহী ইউনিটের নামে স্থায়ী জমি বরাদ্দ প্রদান সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে সচিব, রাসিক সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি রাজশাহী ইউনিট এর নামে নিজস্ব কোন ভবন/স্থাপনা না থাকায় জমি বরাদ্দ প্রদানের জন্য আবেদন করেছেন। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি একটি আন্তর্জাতিক সেবামূলক সংস্থা। তাদের নিজস্ব কার্যালয় না থাকায় কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নানাবিধ অসুবিধা/জটিল সৃষ্টি হচ্ছে বলে জানান। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি রাজশাহী ইউনিট এর জন্য স্থায়ী জমি অনুসন্ধানপূর্বক বরাদ্দ/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি যাছাই বাছাই কমিটি গঠন করা প্রয়োজন।<br>কমিটির রূপরেখা :<br>(১) সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন - আহবায়ক।<br>(২) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল, ডিফেন্স, রাজশাহী বিভাগ,গঠিত কমিটি সদস্য ও দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৫, ২৮ রাসিক- সদস্য।<br>(৩) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন -সদস্য<br>(৫) বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৬) সম্পত্তি কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য সচিব।<br>গঠিত যাছাই বাছাই কমিটি ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি রাজশাহী ইউনিট এর জন্য স্থায়ী জমি অনুসন্ধানপূর্বক বরাদ্দের বিষয়ে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবেন মর্মে সভায় একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্ত** ঃ (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি রাজশাহী ইউনিট এর জন্য স্থায়ী জমি অনুসন্ধানপূর্বক বরাদ্দ/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি যাছাই বাছাই কমিটি গঠন করা হলো।<br>কমিটির রূপরেখা :<br>(১) সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন - আহবায়ক।<br>(২) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল, ডিফেন্স, রাজশাহী বিভাগ,গঠিত কমিটি সদস্য ও দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৫, ২৮ রাসিক- সদস্য।<br>(৩) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য<br>(৫) বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৬) সম্পত্তি কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য সচিব।<br>গঠিত যাছাই বাছাই কমিটি ১৫ (পনেরো) মধ্যে কার্যদিবসের বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি রাজশাহী ইউনিট এর জন্য স্থায়ী জমি অনুসন্ধানপূর্বক বরাদ্দের বিষয়ে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/সম্পত্তি কর্মকর্তা/গঠিত কমিটি, রাসিক। |
| ০৭ | সেবার মান বৃদ্ধি করার জন্য পরিচ্ছন্ন বিভাগে ক্রয়কারী হিসেবে ই- | সভাপতির অনুমতিক্রমে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, পরিচ্ছন্ন বিভাগের পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার জন্য পরিচ্ছন্ন বিভাগের | **সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে পরিচ্ছন্ন বিভাগের সেবা নিশ্চিত- | প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাসিক। |

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য সুচি</th><th>আলোচনা/প্রস্তাব</th><th>গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td>জিপি আইডি চালুকরণ সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>এ সংক্রান্ত মালামাল ক্রয়সহ সেবা নিশ্চিতকরনের লক্ষ্যে ক্রয়কারী হিসেবে ই-জিপি আইডি চালু করা সম্ভবপর হবে না। কারণ কার্যক্রমের প্রক্রিয়াটি সময়সাপেক্ষ। যার ফলে পরিচ্ছন্নতা কার্যক্রম ব্যাহত হবে। দীর্ঘদিন যাবৎ ইমপ্রেস ফান্ড এর মাধ্যমে পরিচ্ছন্ন বিভাগের এ সংক্রান্ত মালামাল ক্রয় করা হয়ে থাকে। বর্তমানে উক্ত কার্যক্রম চালু রয়েছে। সেক্ষেত্রে পূর্বের ন্যায় বর্তমান কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।</td><td>করনের লক্ষ্যে পূর্বের ন্যায় চলমান ইমপ্রেস ফান্ড এর মাধ্যমে মালামাল ক্রয়ের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>সেবার মান বৃদ্ধি করার জন্য ভান্ডার শাখার ক্রয়কারী হিসেবে ই-জিপি আইডি চালুকরণ সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ/শাখা ও ওয়ার্ড কার্যালয় এর অধিকাংশ মালামাল আর এফ কিউ পদ্ধতি ক্রয় করা হচ্ছে। বর্তমানে যুগোপোযোগী ক্রয় পদ্ধতি হিসেবে ই-জিপি আইডি চালুকরণপূর্বক ভাণ্ডার শাখার মাধ্যমে উক্ত পদ্ধতিতে মালামাল ক্রয়ের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।</td><td>সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে যুগোপোযোগী ক্রয় পদ্ধতি হিসেবে ই-জিপি আইডি চালুকরণপূর্বক ভাণ্ডার শাখার মাধ্যমে উক্ত পদ্ধতিতে মালামাল ক্রয়ের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সচিব/সহকারী প্রোগ্রামার, প্রকৌশল বিভাগ, রাসিক।</td></tr>
<tr><td>০৯</td><td>২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ অর্থবছরের স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের এস.এফ আই ভুক্ত অনুচ্ছেদ- নং-০৬ এ টেন্ডার/কোটেশন ব্যতিত সরাসরি নগদ ক্রয়ের মাধ্যমে নির্ধারিত সীমার অতিরিক্ত অনিয়মিতভাবে ১,৮৩,৫০,৬৫৮.০০ (এক কোটি তেরাশি লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত আঠান্ন) টাকার বিল পরিশোধ সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>সভাপতির অনুমতিক্রমে বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে,<br>২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ অর্থ বছরের এস.এফ.আই. ভুক্ত অডিট আপত্তির ব্রডশীট জবাব নিম্নরূপ :<br>অডিট আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণীর প্রেক্ষিতে টেন্ডার/কোটেশন ব্যতিত সরাসরি নগদ ক্রয়ের মাধ্যমে অত্র কর্পোরেশনের ৬টি বিভাগের মাধ্যমে নিম্নে বর্ণিত অর্থ ব্যয় করা হয়।<br>টেন্ডার/কোটেশন ব্যতিত সরাসরি নগদ ক্রয়ের বিবরণীঃ<br>( অর্থবছরঃ ২০১৮-২০১৯)
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ/শাখা</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>১</td><td>প্রকৌশল বিভাগ (পরিবহন,বিদ্যুৎ ও উন্নয়ন শাখা)</td><td>৬,৮০,৫৭৫</td></tr>
<tr><td>২</td><td>সচিবালয় বিভাগ (ভান্ডার,মাননীয় মেয়র দপ্তর,প্রনিক দপ্তর ও সাধারন প্রশাসনিক শাখা)</td><td>১০,৮৬,৪৭৪</td></tr>
<tr><td>৩</td><td>রাজস্ব বিভাগ (কর আদায়, লাইসেন্স শাখা)</td><td>২৩,৯৮০</td></tr>
<tr><td>৪</td><td>স্বাস্থ্য বিভাগ (সিটি হাসপাতাল ও প্রথমিক স্বাস্থ্য সেবা)</td><td>৩,২৪,৯১০</td></tr>
<tr><td>৫</td><td>পরিচ্ছন্ন বিভাগ</td><td>১৪,৭১,২৭০</td></tr>
<tr><td></td><td>সর্বমোট=</td><td>৩৫,৮৭,২০৯/-</td></tr>
</table>
টেন্ডার/কোটেশন ব্যতিত সরাসরি নগদ ক্রয়ের বিবরণীঃ<br>(অর্থবছরঃ ২০১৯-২০২০)
<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিভাগ/শাখা</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>১</td><td>প্রকৌশল বিভাগ (পরিবহন,বিদ্যুৎ ও উন্নয়ন শাখা)</td><td>১,২৫৭,২০৫</td></tr>
<tr><td>২</td><td>সচিবালয় বিভাগ (ভান্ডার,মাননীয় মেয়র দপ্তর,প্রনিক দপ্তর ও সাধারন প্রশাসনিক শাখা)</td><td>৩,৩২৫,২৭৫</td></tr>
<tr><td>৩</td><td>রাজস্ব বিভাগ (</td><td></td></tr>
</table></td><td>সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ অর্থবছরের স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের এস.এফ আই ভুক্ত অনুচ্ছেদ- নং-০৬ এ টেন্ডার/কোটেশন ব্যতিত তৎকালীন সময়ে নগদ ক্রয় করার বাস্তবতা ছিল। বিধায় মহামারী কোভিড-১৯ প্রকট আকার ধারন করায় পরিষ্কার পরিচ্ছন্নতা, স্বাস্থ্য সেবা ও আলোকায়ন ব্যবস্থা সচল/ অব্যাহত রাখার নিমিত্তে জনস্বার্থে জরুরী ভিত্তিতে সরাসরি নগদ ক্রয়ের মাধ্যমে নির্ধারিত সীমার অতিরিক্ত ১,৮৩,৫০,৬৫৮.০০ (এক কোটি তেরাশি লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত আঠান্ন) টাকা ক্রয় করা হয়েছে। এক্ষেত্রে সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী অডিট আপত্তির বিষয়ে ব্যক্তিগতভাবে দায়ী হবে না মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>পি.পি.আর ও ক্রয় বিষয়ে প্রতিবছর কর্মকর্তা/ কর্মচারীদের অডিট বিষয়ে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এছাড়া অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য প্রাতিষ্ঠানিক</td><td>বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য সুচি</th><th>আলোচনা/প্রস্তাব</th><th>গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td></td><td>আদায়, লাইসেন্স শাখা)</td><td></td></tr>
<tr><td>৪</td><td>স্বাস্থ্য বিভাগ (সিটি হাসপাতাল ও প্রথমিক স্বাস্থ্য সেবা)</td><td>৯৫,৮১৫/-</td></tr>
<tr><td>৫</td><td>পরিচ্ছন্ন বিভাগ</td><td>৩,৪৯৫,৬৮৯/-</td></tr>
<tr><td>৬</td><td>হিসাব বিভাগ</td><td>৪৫,১৯০/-</td></tr>
<tr><td></td><td>সর্বমোট=</td><td>৮,৩০৯,৪৩৯/-</td></tr>
</table>
<br>
টেন্ডার/কোটেশন ব্যতিত সরাসরি নগদ ক্রয়ের বিবরণীঃ<br>
(অর্থবছরঃ ২০২০-২০২১)
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিভাগ/শাখা</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>১</td><td>প্রকৌশল বিভাগ (পরিবহন,বিদ্যুৎ ও উন্নয়ন শাখা)</td><td>১৬,৮৭,২৭৩</td></tr>
<tr><td>২</td><td>সচিবালয় বিভাগ (ভান্ডার,মাননীয় মেয়র দপ্তর,প্রনিক দপ্তর ও সাধারন প্রশাসনিক শাখা)</td><td>৩১,৭৯,৯৬৭</td></tr>
<tr><td>৩</td><td>রাজস্ব বিভাগ (কর আদায়, লাইসেন্স শাখা)</td><td>২৭,৫৮৫</td></tr>
<tr><td>৪</td><td>স্বাস্থ্য বিভাগ (সিটি হাসপাতাল ও প্রথমিক স্বাস্থ্য সেবা)</td><td>৩,০০,১৮০</td></tr>
<tr><td>৫</td><td>পরিচ্ছন্ন বিভাগ</td><td>৪,২৭৫,২৯৪</td></tr>
<tr><td>৬</td><td>হিসাব বিভাগ</td><td>২৯,৯৪০</td></tr>
<tr><td></td><td>সর্বমোট=</td><td>৯,৫০০,২৩৯/-</td></tr>
</table>
রাজশাহী সিটি কর্পোরেশন একটি বৃহৎ সেবা প্রদানকারী স্থানীয় সরকারে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। অত্র প্রতিষ্ঠান পরিচ্ছন্ন, প্রকৌশল ও স্বাস্থ্য বিভাগের মাধ্যমে সেবা প্রদান করে। উল্লেখিত ব্যয়গুলি সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল অর্থ্যাৎ রাজস্ব ব্যয় হতে চেক মাধ্যমে বিল প্রদান করা হয়েছে যা রাজস্ব বাজেটে অন্তর্ভুক্ত ছিল। উল্লিখিত সময়ে নির্বাচিত মেয়র ছিলেন এবং সকল ব্যয় প্রধান নির্বাহী কর্মকর্তার মাধ্যমে বিভাগীয় প্রধান দ্বারা সম্পন্ন করা হয়। উল্লেখ্য যে, তৎকালীন সময়ে মহামারী কোভিড-১৯ প্রকট আকার ধারন করায় পরিষ্কার পরিচ্ছন্নতা, স্বাস্থ্য সেবা ও আলোকায়ন ব্যবস্থা সচল/অব্যাহত রাখার নিমিত্তে জনস্বার্থে জরুরী ভিত্তিতে নগদ ক্রয় করা হয়। উল্লিখিত যাবতীয় বিল সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানকে চেক মাধ্যমে বিল প্রদান করা হয়। কাজগুলি রাজশাহী সিটি কর্পোরেশনের স্বার্থে করা হয়েছে। ফলে পি.পি.আর.-২০০৮ এর বিধি ৮১ সিলিং অতিক্রান্ত হয়। সভায় এ ক্রয়ের জন্য কোন কর্মকর্তা কর্মচারীকে দায়ী করা যাবে না মর্মে সভায় একমত পোষণ করা হয়। সভাপতি পি.পি.আর. ও অডিট বিষয়ে সকল কর্মকর্তাকে প্রতিবছর প্রশিক্ষণের আওতায় আনা প্রয়োজন বলে অভিমত ব্যক্ত করেন। ফলে ভবিষ্যতে অডিট আপত্তি হ্রাস পাবে।<br>
এমতাবস্থায় আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য স্থানীয় সরকার বিভাগের অডিট অধিশাখায় প্রেরণ করার সুপারিশ করা হয়।
</td><td>বিভাগের অডিট অধিশাখায় প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>১০</td><td>বিবিধ</td><td>(ক) আলোচনায় প্রকাশ পায় যে, শহীদ জিয়া পার্ক এর ন্যায় রাজশাহী কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানার ইজারা প্রদানের উদ্দেশ্যে প্রবেশ ফিসহ সকল রাইডস ও স্থাপনার উন্নয়ন এবং সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে কর্পোরেশনের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি যাছাই বাছাই</td><td>সিদ্ধান্ত (ক) ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে শহীদ জিয়া পার্ক এর ন্যায় রাজশাহী কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানার ইজারা প্রদানের</td><td>গঠিত কমিটি, রাসিক</td></tr>
</table>

| ক্র. নং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | কমিটি গঠন করা প্রয়োজন। কমিটির রূপরেখা :<br>(১) নির্বাহী প্রকৌশলী(উন্নয়ন-১), রাজশাহী সিটি কর্পোরেশন- আহবায়ক।<br>(২) স্থপতি, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৩) রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৪) উপপ্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন -সদস্য।<br>(৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৬) সম্পত্তি কর্মকর্তা, রাসিক - সদস্য সচিব।<br>গঠিত যাছাই বাছাই কমিটি ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | উদ্দেশ্যে প্রবেশ ফিসহ সকল রাইডস ও স্থাপন স্থাপনার উন্নয়ন এবং সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে কর্পোরেশনের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি যাছাই বাছাই কমিটি গঠন করা হলো। কমিটির রূপরেখা :<br>(১) নির্বাহী প্রকৌশলী(উন্নয়ন-১), রাজশাহী সিটি কর্পোরেশন- আহবায়ক।<br>(২) স্থপতি, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৩) রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৪) উপপ্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন -সদস্য।<br>(৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য।<br>(৬) সম্পত্তি কর্মকর্তা, রাসিক - সদস্য সচিব।<br>গঠিত কমিটি যাছাই বাছাইপূর্বক ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাপ্ত প্রতিবেদনের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | |
| | | (খ) সভাপতির অনুমতিক্রমে সম্পত্তি কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, নওদাপাড়া এলাকায় নগর মাতৃসদন কেন্দ্রে একটি ইংলিশ মিডিয়াম স্কুল ২০২৩ সালে ভাড়ায় ব্যবহারের অনুমতি দেয়া হয়। ২০২৩ সাল হতে তিন বছরের ভাড়া বকেয়া রয়েছে। বকেয়া ভাড়া পরিশোধ না করায় স্কুলটির ব্যবহারের অনুমতি বাতিল করা প্রয়োজন। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাসিক বলেন, বকেয়া ভাড়া আদায়ের পর ব্যবহারের অনুমতি বাতিল করা যেতে পারে। হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক বলেন, অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এ পর্যায়ে সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, ইংলিশ মিডিয়াম স্কুলটির ভাড়া আদায়ের বিষয়টি নিয়মিত তদারকি না করার ফলে বিগত ২০২৩ সাল হতে ভাড়া অনাদায়ী রয়েছে। বিষয়টি সম্পত্তি কর্মকর্তা, রাসিক এর ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে।<br>আলোচনায় প্রকাশ পায় যে, নওদাপাড়া এলাকায় নগর মাতৃসদন কেন্দ্রে একটি ইংলিশ মিডিয়াম স্কুল ২০২৩ সাল থেকে ভাড়া অনাদায়ী থাকায় বকেয়া ভাড়া আদায়ের | সিদ্ধান্ত (খ) ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে নওদাপাড়া এলাকায় নগর মাতৃসদন কেন্দ্রে ভাড়ায় ব্যবহারের অনুমতিপ্রাপ্ত ইংলিশ মিডিয়াম স্কুল এর বকেয়া ভাড়া আদায়পূর্বক স্কুলটি উচ্ছেদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সম্পত্তি কর্মকর্তা, রাসিক। |

| ক্র. নং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং ভাড়া আদায়ের পর স্কুলটি উচ্ছেদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | | |

পরিশেষে তিনি বলেন যে, জনস্বার্থে নাগরিক সেবা সুনিশ্চিত করণে অদ্যকার সভায় কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। সভায় উপস্থিত সকলকে পবিত্র ঈদুল ফিতর এর আগাম শুভেচ্ছা জানান। আর কোন আলোচনা না থাকায় সকলের অংশগ্রহন ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(ড. আ.ন.ম. বজলুর রশীদ)
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নম্বর- ৪৬.১২.০০০০.০০৩.১৭.১১৪.২৪. ২৯০ (৫০)

তারিখ ঃ ০২ চৈত্র ১৪৩২
১৮ মার্চ ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, রাজশাহী।
৪। ........................................................................, সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ............, রাজশাহী সিটি কর্পোরেশন।
৫। সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।
৬। বিভাগীয় কমিশনার এঁর একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী (বিভাগীয় কমিশনার ও প্রশাসক রজাশাহী সিটি কর্পোরেশন এর সদয় অবগতির জন্য)
৭। বিভাগীয় প্রধান ...........................................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।
৮। ............................................................................................, রাজশাহী সিটি কর্পোরেশন।
৯। জনসংযোগ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
১০। সহকারী প্রোগ্রামার, বিদ্যুৎশাখা,রাজশাহী সিটি কর্পোরেশন। (পাওয়ার পয়েন্ট প্রস্তুত পূর্বক প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ)।
১১। অফিস নথি।

মোঃ রেজাউল করিম
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন